

ইআবিৰ অধীনে সারা দেশে ফাজিল পৰীক্ষা শুৱ

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

ইসলামি আৱি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সারা দেশের

মাদরাসাসমূহের ৩ বছৰ মেয়াদি ফাজিল (পাস) স্নাতক-২০২৪

সালের পৰীক্ষা আজ শনিবাৰ (২৫ অক্টোবৰ) থেকে শুৱ হয়েছে।

পৰীক্ষার প্ৰথম দিন আজ দুপুৰ ২টায় ঢাকা সরকারি আলিয়া

মাদরাসা কেন্দ্ৰ পৰিদৰ্শন কৱেন আৱি বিশ্ববিদ্যালয়ের ভাইস

চ্যান্সেলৰ প্ৰফেসৱ ড. মো. শামছুল আলম। এ সময়

বিশ্ববিদ্যালয়ের পৰীক্ষা নিয়ন্ত্ৰক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

পৰিদৰ্শনকালে ভাইস চ্যান্সেলৰ বলেন, ‘খুবই সুশ্ৰুত, সুন্দৰ ও

উৎসবমুখৰ পৰিবেশে পৰীক্ষা হচ্ছে।

কোনো রকম অসাদুপায় যাতে কেউ অবলম্বন কৱতে না পাৰে

আমৰা সেদিকে নজৰ রাখছি।’

তিনি আরো বলেন, ‘মাদরাসা শিক্ষা আগামীর দেশ গঠনের নেতৃত্ব তৈরি করছে, দেশের অধিকাংশ মানুষের প্রাণের সঙ্গে সম্পৃক্ত মাদরাসা শিক্ষাব্যবস্থা। এরই মানোন্নয়ন ও আধুনিকায়নে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে।’

এ সময় নকলমুক্ত পরিবেশ বজায় রাখতে পরীক্ষার্থী, শিক্ষক, স্থানীয় প্রশাসন ও অভিভাবকসহ সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন ভাইস চ্যাপ্সেলর।

অন্যদিকে, বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস চ্যাপ্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম সিলেটের শাহজালাল দারুস সুন্নাত ইয়াকুবিয়া কামিল মাদরাসা কেন্দ্র এবং প্রো ভাইস চ্যাপ্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান বিশ্বনাথ দারুল উলুম ইসলামিয়া কামিল মাদরাসা কেন্দ্র পরিদর্শন করেছেন।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, এবারের পরীক্ষায় সারা দেশের মোট ৩৩০টি কেন্দ্রে প্রায় ১ লাখ ১৭ হাজার ৬২৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছেন।

তিনি বলেন, পরীক্ষার সুষ্ঠু ও উপযুক্ত পরিবেশ নিশ্চিত করতে সারা দেশের সব পরীক্ষা কেন্দ্রে প্রশ্নপত্র নিরাপত্তা, তদারকি টিম ও মনিটরিং ব্যবস্থাসহ প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

জানা যায়, আজ শনিবার (২৫ অক্টোবর) থেকে ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ শুরু হয়েছে।

প্রতিদিন দুপুর ১টা ৩০ মিনিটে পরীক্ষা শুরু হয়ে বিকেল ৪টা ৩০

মিনিট পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং আগামী ৯ ডিসেম্বর পর্যন্ত

এ পরীক্ষা চলবে।